

JAN. 23 2001

দৈনিক জনকণ্ঠ

তারিখ
পৃষ্ঠা ১৫ কলাম

খুলনা ভাঙ্গিটি খুলে দেয়ার জন্য জোরালো দাবি কর্তৃপক্ষের সঙ্গে নাগরিক প্রতিনিধি দলের বৈঠক

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥ খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে সিটি মেয়রের নেতৃত্বে নাগরিক প্রতিনিধি দলের এক বৈঠকে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়া এবং সুষ্ঠুভাবে সমাবর্তন অনুষ্ঠান সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ করা হয়েছে। নাগরিকগণ দাবী ছাত্রদের ক্ষমা চাওয়ার পরিপ্রেক্ষিতে তাদেরকে মাফ করে দেয়ার আহ্বান জানিয়েছেন। পাশাপাশি নতুন ভর্তি হওয়া ২২ ছাত্রের ভর্তি বাতিল করার সিদ্ধান্ত প্রত্যাহার ও ট্রেজারারের দায়িত্ব বহির্ভূত কর্মকাণ্ডের সমালোচনা করা হয়েছে।

রবিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় নাগরিকদের মধ্যে ছিলেন খুলনা সিটি মেয়র শেখ তৈয়্যেবুর রহমান, আওয়ামী লীগ খুলনা মহানগর সভাপতি এ্যাডভোকেট মঞ্জুরুল ইমাম, জেলা সভাপতি শেখ হারুন অর রশিদ, সিপিবি নেতা এ্যাডভোকেট ফিরোজ আহমেদ, জামায়াত নেতা গোলাম পাওয়ার, জেলা

আইনজীবী সমিতির সভাপতি এ্যাডভোকেট গাজী আব্দুল বারী, এ্যাডভোকেট কাজী বাদশা মিয়া প্রমুখ। বিশ্ববিদ্যালয়ের পক্ষে ডিসি প্রফেসর এসএম নজরুল ইসলাম, বিভিন্ন অনুষদের ডিনগণ, হলের প্রতোক্টগণ উপস্থিত ছিলেন।

নাগরিক নেতৃবৃন্দ যে কোন মূল্যে খুলনা বিশ্ববিদ্যালয়ের সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় রাখার আহ্বান জানিয়ে বলেছেন, খুলনাবাসীর দীর্ঘ আন্দোলন-সংগ্রামের ফসল এই বিশ্ববিদ্যালয় কারও সামান্য উল্লানিতে প্রতিষ্ঠানটির ভাবমূর্তি ক্ষুণ্ণ করতে দেয়া সমীচীন হবে না। ছাত্রীদের আবাসন সঙ্কট নিরসনে প্রয়োজনে মেয়র উদ্যোগ নেবেন। শোক বরাদ্দের জন্য প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কাছে আবেদন জানাবেন বলে অঙ্গীকার করেছেন। প্রতিষ্ঠানটি বিতর্কমুক্ত রাখতে শিক্ষকদের কল্যাণ সমিতির কার্যক্রম বন্ধ রাখা নতুবা ছাত্র রাজনীতি করার অনমতি দেয়ার কথা বলা হয়।